গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর,
নোয়াখালী।
coop.sadar.noakhali.gov.bd

**নম্বর:** ৪৭.৬১.৭৫৮৭.০০০.০০০.১৮.০০০৭.২২.১৬০

তারিখ: ২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীহনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজেনর নোটিশ।**

এতদ্বারা অত্র উপজেলা আওতাধীন সমবায় সমিতি সমূহের সভাপতি/সম্পাদকগণ ও এ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২০২৫ খ্রি. সনের সুশাসন ও সংস্কারমূলক অংশে নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের অংশ হিসেবে [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অংশের [১.২] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আগামী ১৭/০৪/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।
উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত।
৩। সরকারী অর্থের অপচয় রোধ সংক্রান্ত।
৪। স্বচ্ছতা ও জবাবদিহিতা সংক্রান্ত।
৫। নীতি নৈতিকতা সংক্রান্ত।
৬। বিদ্যুতের অপচয় রোধ ও যথাযথ ব্যবহার সংক্রান্ত।
৭। সমবায় সমিতি সমূহের বিভিন্ন করণীয় বিষয়ে আলোচনা।
৮। যথাসময়ে অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগ সংক্রান্ত।

১৫-০৪-২০২৫
মোহাম্মদ মনির হোসেন
উপজেলা সমবায় অফিসার
০২৩৩৪৪৯১৩৫৭
ucosadar@yahoo.com

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মোহাম্মদ সামছু উদ্দিন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী।
২। জনাব অপু রানী নাথ, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী।
৩। জনাব তৃনা দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী।
৪। সভাপতি/সম্পাদক, ................................................... লি:, সদর, নোয়াখালী, ।

২০২৪-২০২৫ খ্রি. সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ হিসেবে [১.২] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভার উপস্থিতির তালিকা:

তারিখ : ১৭/০৪/২০২৫ খ্রি:

## উপস্থিতি :

| ক্র: নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | [illegible] | স্বাবলম্বী বহুমুখী সমবায় সমিতি লি: | [illegible] |
| ০২ | মো: [illegible] | কলাবাগান বহুমুখী সমবায় সমিতি লি: | মো: [illegible] |
| ০৩ | পপি মজুমদার | [illegible] সমিতি লি: | Popy |
| ০৪ | মো: সিরাজুল ইসলাম (সুজন) | বন্ধুমহল যুব সমবায় সমিতি লি: | [illegible] |
| ০৫ | রুবিনা ইয়াসমিন | [illegible] মহিলা সমবায় সমিতি লি: | [illegible] |
| ০৬ | মো: [illegible] | [illegible] সমিতি লি: | [illegible] |
| ০৭ | পাপি রানী দাস | [illegible] সমবায় সমিতি লি: | পাপি |
| ০৮ | মোঃ ইলিয়াস | [illegible] সমবায় সমিতি লি: | ইলিয়াস |
| ০৯ | [illegible] | [illegible] ও [illegible] সমবায় সমিতি লি: | [illegible] |
| ১০ | [illegible] | স্বপ্ন [illegible] সমবায় সমিতি লি: | [illegible] |
| ১১ | | | |
| ১২ | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর,
নোয়াখালী।
coop.sadar.noakhali.gov.bd

**২০২৪-২০২৫ খ্রি. সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভার কার্যববরণীঃ**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ মনির হোসেন<br>উপজেলা সমবায় অফিসার |
| সভার তারিখ | **১৭/০৪/২০২৫ খ্রি:** |
| সভার সময় | **সকাল ১১:০০ ঘটিকা** |
| স্থান | উপজেলা সমবায় অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী এর অফিস কক্ষ |
| উপস্থিতি | (তালিকা সংযুক্ত) |

২০২৪-২০২৫ খ্রি. সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আয়োজিত সভায় সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | আলোচ্য সভায় বিগত ১৭/১০/২০২৪ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | অত্র সভায় বিগত কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। | সভাপতি |
| পরিস্কার পরিচ্ছনতা সংক্রান্ত | সভায় সকলের বাড়ীঘর, সমিতির অফিস, এবং অত্র অফিসের কর্মচারীগণকে অফিস কক্ষ ও নিজ নিজ বসার স্থান ও টেবিল, কম্পিউটার প্রতিদিন পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা হয়। | বাড়ীঘর, সমিতির অফিস এবং অত্র অফিসের কর্মচারীগণকে অফিস কক্ষ ও নিজ নিজ বসার স্থান ও টেবিল, কম্পিউটার প্রতিদিন পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সমিতির সদস্য বৃন্দ ও অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |
| সরকারী অর্থের অপচয় রোধ সংক্রান্ত | সভায় অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে সরকারী অর্থ অপচয় রোধ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে সরকারী অর্থ অপচয় রোধের বিষয়ে সার্বক্ষণিক সজাগ থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সকল কর্মকর্তা/কর্মচারী |
| স্বচ্ছতা ও জবাদিহীতা সংক্রান্ত | সভায় অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে দাপ্তরিক দৈনন্দিন কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণের বিষয়ে আলোচনা হয়। | কর্মকর্তা/কর্মচারীগণকে দাপ্তরিক দৈনন্দিন কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল কর্মকর্তা/কর্মচারী |
| নীতি নৈতিকতা সংক্রান্ত | সভায় অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে দাপ্তরিক কাজের ক্ষেত্রে নীতি-নৈতিকতার বিষয়ে আলোচনা হয়। | কর্মকর্তা/কর্মচারীগণকে দাপ্তরিক দৈনন্দিন কাজের নীতি-নৈতিকতার মধ্যে থেকে দাপ্তরিক কাজকর্ম করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল কর্মকর্তা/কর্মচারী |

| | | | |
|---|---|---|---|
| বিদ্যুতের অপচয় রোধ ও যথাযথ ব্যবহার সংক্রান্ত | সভায় অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ এবং সমিতির সদস্যগণকে সমিতির অফিসে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে **বিদ্যুতের অপচয় রোধ ও যথাযথ ব্যবহার করার বিষয়ে** আলোচনা হয়। | অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ এবং সমিতির সদস্যগণকে সমিতির অফিসে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে **বিদ্যুতের অপচয় রোধ ও যথাযথ ব্যবহার করার বিষয়ে** সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল কর্মকর্তা/কর্মচারী ও সমবায় সমিতির সদস্যবৃন্দ |
| যথাসময়ে অফিসে উপস্থিতিতি ও অফিস ত্যাগ সংক্রান্ত | সভায় অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ **যথাসময়ে অফিসে উপস্থিতিতি ও অফিস ত্যাগ করার বিষয়ে** আলোচনা হয়। | অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ **সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত অফিসে উপস্থিত থেকে দাপ্তরিক কাজকর্ম করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হয়।** | কর্মকর্তা/কর্মচারীগ ণ |
| বিবিধ | সভায় সমবায় সমিতির সদস্যদের তথ্য, ব্যবস্থাপনা কমিটির তথ্য এবং সমবায় সমিতি সমূহের বার্ষিক হিসাব বিবরণীসমূহ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম এ অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা হয়। | সমবায় সমিতির সদস্যদের তথ্য, ব্যবস্থাপনা কমিটির তথ্য এবং সমবায় সমিতি সমূহের বার্ষিক হিসাব বিবরণীসমূহ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম এ অন্তর্ভুক্তির জন্য সকল প্রকার তথ্য আগামী ৩০/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সরবরাহ করার জন্য সমিতির সমূহকে নির্দেশ প্রদান করা হয়। | সকল কর্মকর্তা/কর্মচারী ও সমবায় সমিতির সদস্যবৃন্দ |

সভার অন্য কোন আলোচনা না থাকয় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭-০৪-২০২৫
মোহাম্মদ মনির হোসেন
উপজেলা সমবায় অফিসার
০২৩৩৪৪৯১৩৫৭
ucosadar@yahoo.com

তারিখ: ৪ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৭.৬১.৭৫৮৭.০০০.০০০.১৮.০০০৭.২২.১৭৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব ..............................................................., সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও সদস্য/সদস্য সচিব, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী, ।

২। সভাপতি/সম্পাদক, .........................................লি:. নোয়াখালী সদর, নোয়াখালী।

১৭-০৪-২০২৫
মোহাম্মদ মনির হোসেন
উপজেলা সমবায় অফিসার